# ক্রিয়ার কাল

# কাল

ক্রিয়া সংঘটনের সময়কে কাল বলে। যেমন:

- **‘আমরা বই পড়ি’** - **পড়া** ক্রিয়াটি বর্তমানে সংঘটিত হচ্ছে।
- **‘কাল তুমি শহরে গিয়েছিলে’** - **যাওয়া** ক্রিয়াটি অতীতে সম্পন্ন হয়েছে।
- **’আগামীকাল স্কুল বন্ধ থাকবে’** - **বন্ধ থাকা** কাজটি ভবিষ্যতে সম্পন্ন হবে।



# ক্রিয়াপদ

ক্রিয়ামূল অর্থাৎ ধাতুর সঙ্গে কাল ও পুরুষ জ্ঞাপক(ক্রিয়া) বিভক্তিযোগে ক্রিয়াপদ গঠিত হয় ।

**ক.** পুরুষভেদে ক্রিয়ার রূপের পার্থক্য দেখা যায়। যেমন-

**আমি যাই**
**তুমি যাও**
**আপনি যান**
**সে যায়**
**তিনি যান**

# ক্রিয়াপদ

**খ.** বচনভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না। যথা-

আমি (বা আমরা) যাই
তুমি (বা তোমরা) যাও
আপনি (বা আপনারা) যান
সে (বা তারা) যায়
তিনি (বা তাঁরা) যান



# ক্রিয়াপদ

গ. সাধারণ, সম্ভ্রমাত্মক, তুচ্ছার্থকভেদে মধ্যম ও নাম পুরুষের ক্রিয়ার রূপের পার্থক্য হয়ে থাকে-

| পুরুষ | সাধারণ | সম্ভ্রমাত্মক | তুচ্ছার্থক |
|---|---|---|---|
| উত্তম | আমি যাই | -- | -- |
| মধ্যম | তুমি যাও<br>তোমরা যাও | আপনি যান<br>আপনারা যান | তুই যা<br>তোরা যা |
| নাম | সে যায়<br>তারা যায় | তিনি যান<br>তাঁরা যান | এটা যায়<br>এগুলো যায় |

# কালের প্রকারভেদ

ক্রিয়ার কাল ৩ প্রকার -

১। বর্তমান কাল

২। অতীত কাল

৩। ভবিষ্যৎ কাল

# বর্তমান কাল

বর্তমান কাল ৩ প্রকার-

১। সাধারণ বর্তমান

২। ঘটমান বর্তমান

৩। পুরাঘটিত বর্তমান

# বর্তমান কাল

- যে ক্রিয়া বর্তমানে সাধারণ ভাবে ঘটে তার কালকে **সাধারণ বর্তমান কাল** বলে।

যেমন: **সে ভাত খায়।**

**আমি বাড়ি যাই।**

- বর্তমান কালের স্বাভাবিকতা/অভ্যস্ততা বুঝালে তাকে **নিত্যবৃত্ত বর্তমান বলে।**

যেমন: **সন্ধ্যায় সূর্য অস্ত যায় (স্বাভাবিকতা)**

**আমি রোজ সকালে হাঁটতে যাই (অভ্যস্ততা)**



# নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ

১. **স্থায়ী সত্য প্রকাশে** - চার আর তিনে সাত **হয়।**

২. **ঐতিহাসিক বর্তমান** - অতীত ঘটনার বর্ণনায় অনেক ক্ষেত্রে সাধারণ বর্তমান কালের ক্রিয়ার রূপ ব্যবহৃত হয়, একে ঐতিহাসিক বর্তমান কাল বলে।

যেমন : বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লির সিংহাসনে **আরোহন করেন।**

৩. **কাব্যের ভণিতায় -** মহাভারতের কথা অমৃত সমান, কাশীরাম দাস **ভনে শুনে** পূণ্যবান।

৪. **অনিশ্চয়তা প্রকাশে** - কে জানে দেশে আবার সুদিন **আসবে** কি না।

৫. যদি, যখন, যেন প্রভৃতি শব্দের প্রয়োগে অতীত ও ভবিষ্যত কাল জ্ঞাপনের জন্য সাধারণ বর্তমান কালের ব্যবহার হয়। যেমন : বৃষ্টি যদি **আসে,** আমি বাড়ি চলে যাব।

# সাধারণ বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ

১. **অনুমতি প্রার্থনায় (ভবিষ্যত কালের অর্থে) :** এখন **তবে** আসি।

২. **প্রাচীন লেখকের উদ্ধৃতি দিতে (অতীত কালের অর্থে) :** চণ্ডীদাস **বলেন**,

সবার উপরে মানুষ সত্য।

৩. **বর্ণিত বিষয় প্রত্যক্ষীভূত করতে (অতীতের স্থলে) :** আমি **দেখেছি,**

বাচ্চাটি রোজ রাতে কাঁদে।

৪. **নাই, নাই বা নি শব্দযোগে অতীত কালের ক্রিয়ায় :** তিনি গতকাল হাটে **যাননি।**

# ঘটমান বর্তমান কাল

যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বুঝানোর জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়।

যেমন: হাসান বই পড়ছে। নীলা গান গাইছে।

ঘটমান বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ:

১. বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা-

বক্তা বললেন, ‘দেশ আজ বিপন্ন, দিকে দিকে আগুন জ্বলছে।’

২. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে: - চিন্তা করো না, কালই আসছি।

# পুরাঘটিত বর্তমান কাল

**ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে তাকে পুরাঘটিত বর্তমান কাল বলে।**

যেমন:  এতক্ষণ আমি অঙ্ক **করেছি**।

আমি পরীক্ষায় উত্তীর্ণ **হয়েছি।**

# অনুশীলন করি

কোনটি পুরাঘটিত বর্তমানের উদাহরণ?

(ক) লীনা গান গাইছে
(খ) আনিস দুমাস ঢাকায় আছে
(গ) তিনি বইটা পড়লেন
(ঘ) তুমি গতকাল অফিসে যাওনি



# অনুশীলন করি

ঘটমান বর্তমানের উদাহরণ কোনটি?

(ক) সেও এসেছে আর তোমারও যাওয়া হয়েছে।
(খ) তিনি যেন না আসেন
(গ) আমি তখন স্কুল ছেড়েছি
(ঘ) মামুন বল খেলছে

# অতীত কাল

অতীত কাল ৪ প্রকার-

**১। সাধারণ অতীত**

**২। ঘটমান অতীত**

**৩। নিত্যবৃত্ত অতীত**

**৪। পুরাঘটিত অতীত**

# সাধারণ অতীত

বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে তার সংঘটন কালকেই **সাধারণ অতীত কাল** বলে।

যেমন: **প্রদীপ নিভে গেল। শিকারি হরিণ মারল।**

**সাধারণ অতীতের বিশিষ্ট ব্যবহার:**

১. পুরাঘটিত বর্তমান স্থলে: **'এক্ষণে জানিলাম, কুসুমে কীট আছে।'**
২. বিশেষ ইচ্ছা অর্থে বর্তমান কালের পরিবর্তে: **তোমরা যা খুশি কর, আমি বিদায় হলাম।**

# নিত্যবৃত্ত অতীত

অতীত কালের ক্রিয়া সাধারণ অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হলে তাকে **নিত্যবৃত্ত অতীত কাল** বলে।

যেমন: **আমি কাজটি করতাম।**

**আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম।**

**নিত্যবৃত্ত অতীতের বিশিষ্ট ব্যবহার:**

১. কামনা প্রকাশে - **আজ যদি মেহেদি আসত, কেমন মজা হতো।**

২. অসম্ভব কল্পনায় - **চুয়াল্লিশ হতো যদি একশ চুয়াল্লিশ।**


# ঘটমান অতীত

অতীত কালের যে কাজটি চলছিল বা যে সময়ের কথা বলা হয়েছে তখন কাজটি সমাপ্ত হয়নি এরূপ বুঝালে তাকে **ঘটমান অতীত** কাল বলে।

যেমন: **আমরা তখন বই পড়ছিলাম।**

**কাল বিকেলে বৃষ্টি পড়ছিল।**

**আমি কাজটি করছিলাম** ইত্যাদি।



# পুরাঘটিত অতীত

অতীতে যে ক্রিয়া সংঘটিত হয়ে গেছে এবং যার পর আরও অনেক ঘটনা ঘটে গেছে তার কালকে পুরাঘটিত অতীত কাল বলে।

যেমন: সে বার তাকে সুস্থই দেখেছিলাম।

খাওয়ার আগে আমি কাজটি করেছিলাম ইত্যাদি।

ক. অতীতে সংঘটিত ঘটনার নিশ্চিত বর্ণনায়: পানিপথের তৃতীয় যুদ্ধে এক লক্ষ সৈন্য মারা গিয়েছিল।

খ. অতীতে সংঘটিত ক্রিয়ার পরম্পরা বোঝাতে শেষ ক্রিয়াপদে পুরাঘটিত অতীত কালের প্রয়োগ হয়-

বৃষ্টি শেষ হওয়ার পূর্বেই আমরা বাড়ি পৌঁছেছিলাম।

# ভবিষ্যৎ কাল

ভবিষ্যৎ কাল ৩ প্রকার-

**১। সাধারণ ভবিষ্যৎ**

**২। ঘটমান ভবিষ্যৎ**

**৩। পুরাঘটিত ভবিষ্যৎ**

# সাধারণ ভবিষ্যৎ

যে ক্রিয়া পরে সংঘটিত হবে তাকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে।

যেমন: শীঘ্রই বৃষ্টি আসবে। আমরা মাঠে খেলতে যাব ইত্যাদি।

সাধারণ ভবিষ্যৎ কালের বিশিষ্ট প্রয়োগ:

১.আক্ষেপ প্রকাশের অতীতের স্থলে ভবিষ্যৎ কাল ব্যবহার হয়-

‘কে জানত, আমার ভাগ্য এমন হবে?’

২. অতীত কালের ঘটনা সম্পর্কিত যে ক্রিয়াপদে সন্দেহের ভাব বর্তমান থাকে, তার বর্ণনায় সাধারণ ভবিষ্যৎ কালের ব্যবহার হয় –

‘ভাবলাম, তিনি এখন বাড়ি গিয়ে থাকবেন।’

# ঘটমান ভবিষ্যৎ

যে ক্রিয়া সম্ভবত ঘটে যে কাজ ভবিষ্যৎকালে চলতে থাকবে তার কালকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে।

যেমন: আপনারা পড়তে থাকবেন।

আমি মাঠে খেলতে থাকব।

# পুরাঘটিত ভবিষ্যৎ

- যে ক্রিয়া ঘটে গিয়েছে, সাধারণ ভবিষ্যৎ কালবোধক শব্দ ব্যবহার করে তা বুঝালে তাকে **পুরাঘটিত ভবিষ্যৎ** কাল বলে।

  যেমন: আমরা যাইয়া **থাকিব**।

- ভবিষ্যৎ কালে কোনো ক্রিয়া সম্পন্ন করার জন্য আদেশ, উপদেশ, অনুরোধ, প্রার্থনা ইত্যাদি বুঝালে **ক্রিয়ার ভবিষ্যৎ অনুজ্ঞা** হয়।

  যেমন: তুমি কাজটি **করবে**।

# অনুশীলন করি

নিত্যবৃত্ত অতীতের উদাহরণ কোনটি?

(ক) আমি রোজ আসতাম
(খ) কাল বাবা ঢাকা যাবেন
(গ) আমি এই এলাম
(ঘ) দশ বছর হল তার বাবা মালয়েশিয়া থাকেন



# অনুশীলন করি

সাধারণ ভবিষ্যৎ কালের উদাহরণ কোনটি?

(ক) আমি কাজটি করতাম
(খ) শীঘ্রই বৃষ্টি হবে
(গ) আসছে বুধবার বড় আপার বিয়ে হবে
(ঘ) তুমি গত বছর নেপাল গিয়েছিলে

# ধন্যবাদ